

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
আশ্রয়ণ-২ প্রকল্প
তেজগাঁও, ঢাকা।

নং - ০৩.৭০৩.০১৪.০০.১৪৪৩.২০১৬.৩০৭৭

তারিখ : ০৮/০১/২০১৭খ্রিঃ

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
প্রধানমন্ত্রীর কার্যালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : ২০১৬-১৭ অর্থ বছরে খাদ্যশস্যের পরিবর্তে ব্যারাক নির্মাণের নিমিত্তে মাটির কাজের ব্যয় নির্বাহের জন্য জেলা প্রশাসকের অনুকূলে অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আমি নিম্নলিখিত প্রকল্পখামের মাটির কাজের ব্যয় নির্বাহের জন্য জেলা প্রশাসক, চাঁদপুরের অনুকূলে প্রকল্পের বিপরীতে বর্ণিত পরিমাণ অর্থ বরাদ্দ প্রদান করছি এবং উক্ত অর্থ সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক ব্যয়ের নিমিত্ত সংশ্লিষ্ট জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার বরাবরে অথরিটি প্রেরণের জন্য তাঁকে অনুরোধ জানাচ্ছি :

ক্রমিক নং	জেলা	উপজেলা	প্রকল্পের নাম	ছাড়কৃত গমের পরিমাণ	সমপরিমাণ অর্থের পরিমাণ
১	চাঁদপুর	সদর	ভাষাবীর এম এ ওয়াদুদ	৫৬১.৩৩১ মেঃ টন	১৬২৭৫৬৯১.০০
২	চাঁদপুর	সদর	গোলাপফুল	১৮৯১.১০০ মেঃ টন	৫৪৮৩২১০৪.০০
মোট				২৪৫২.৪৩১ মেঃ টন	৭১১০৭৭৯৫.০০

কথায় : সাত কোটি এগার লক্ষ সাত হাজার সাতশত পঁচানব্বই টাকা মাত্র।

২। জেলা প্রশাসক, চাঁদপুর বরাদ্দকৃত অর্থ উপজেলা নির্বাহী অফিসার চাঁদপুর সদর এর অনুকূলে কাজের অগ্রগতি অনুযায়ী ধাপে ধাপে উপ-বরাদ্দ আদেশ জারী করবেন।

৩। প্রেরিত প্ল্যান, ডিজাইন ও প্রাক্কলন মোতাবেক গুণগতমান বজায় রেখে আগামী ৩০.০৪.২০১৭ইং তারিখের মধ্যে প্রকল্পের মাটির কাজ সমাপ্ত করতে হবে।

৪। উপজেলা আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়ন টাফফোর্স এর সভাপতি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার এই অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। তিনি নিরীক্ষা দলের নিরীক্ষার জন্য প্রয়োজনীয় নথিপত্র সংরক্ষণ করবেন এবং অর্থ ব্যয় ও এর যথাপযুক্ত হিসাব সংরক্ষণের জন্য দায়ী থাকবেন।

৫। আর্থিক বিধি ও দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের গ্রামীন অবকাঠামো সংস্কার কমসূচীর কাবিটা পদ্ধতি অনুসরণ করে অর্থ ব্যয় সংক্রান্ত সরকারী আর্থিক বিধি ও পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৬। প্রকল্পের জন্য বরাদ্দকৃত খাদ্যশস্যের সমপরিমাণ টাকা দ্বারা নির্ধারিত তারিখের পূর্বে মাটির কাজ সমাপ্ত করে ৭(সাত) দিনের মধ্যে সমাপ্ত প্রতিবেদন আশ্রয়ণ প্রকল্প কার্যালয়ে পৌছাতে হবে। মাটির কাজের অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ৭ (সাত) তারিখের মধ্যে অত্র কার্যালয়কে অবহিত করতে হবে।

৭। এই ব্যয় ২০১৬-১৭ অর্থ বছরের (এডিবি বহির্ভূত) বার্ষিক উন্নয়ন বাজেটের গ্রান্ট নং ০২ কোড নং ৫-০৩০১-৫০১০-৭০৮১ কাজের বিনিময়ে খাদ্য সামগ্রীর মূল্য আশ্রয়ণ-২ প্রকল্প হতে সংকুলান করা হবে।


৮। কাজটি সম্পাদনের পর কোন অর্থ উদ্বৃত্ত থাকলে তা ৩০শে জুন, ২০১৭ এর পূর্বে চালানের মাধ্যমে ১/০৩০১/০০০২/২৬৭১ নং কোডে সরকারী কোষাগারে জমা করে চালানের কপি এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৯। জাতীয় রাজস্ব বোর্ডের বিশেষ আদেশ নং- ১৫/মূসক/২০১৪/২২৪(১) তারিখঃ ২৮/০৪/২০১৪খ্রিঃ এবং স্মারক নং ০৮.০১.০০০০.০৩৪.০৫.০০৯.১২-৩০৬, তারিখ ৩০/০৪/২০১৪খ্রিঃ মোতাবেক আশ্রয়ণ-২ প্রকল্পের অধীনে ক্রয়কৃত পণ্য সামগ্রীর উপর মূসক ও আয়কর অব্যাহতি প্রদান করা হয়েছে।

১০। প্রকল্প পরিচালকের স্বাক্ষরের সহিত "emboss" সীল দেখে বরাদ্দ পত্রের যথার্থতা নিশ্চিত করতে হবে।

সংযুক্ত : প্লান, ডিজাইন ও প্রাক্কলন।

আপনার একান্ত,


(আবুল কালাম শামসুদ্দিন)
প্রকল্প পরিচালক(যুগ্ম সচিব)
ফোন : ৯১২৪১০০

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। অতিরিক্ত সচিব, বাজেট অনুবিভাগ-১, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, চাঁদপুর।
- ৫। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, চাঁদপুর (বরাদ্দকৃত অর্থ ব্যয়ের পর হিসাবভুক্তির জন্য অনুরোধ করা হ'ল)।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, সদর/চাঁদপুর।
- ৭। উপজেলা প্রকৌশলী/প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সদর/চাঁদপুর।
- ৮। প্রকল্প নথি/অফিস কপি।